SEL

SMEL/SE/2021-22/04

July 9, 2021

The Secretary, Listing Department **BSE Limited** Phiroze Jeejeebhoy Towers Dalal Street Mumbai 400 001 Maharashtra, India Scrip Code: **543299**	**The Manager – Listing Department** **National Stock Exchange of India Limited** "Exchange Plaza", 5th Floor, Plot No. C/1, G Block, Bandra-Kurla Complex, Bandra (East), Mumbai 400 051 Maharashtra, India Symbol: **SHYAMMETL**

Dear Sir/ Madam,

Sub: Publication of Extract of Audited Financial Results for the Quarter and Year Ended March 31,2021.

With reference to the above subject, please find enclosed herewith the copy of the published Extract of the Audited Financial Results (Consolidated and Standalone) for the quarter and year ended on March 31, 2021 in the Business Standard, English All Editions and Duranta Barta Bengali Edition, dated July 9, 2021.

This is for your kind information and records.

Thanking you,

Yours faithfully,

For **Shyam Metalics And Energy Limited**

SHYAM METALICS AND ENERGY LIMITED Kolkata

Birendra Kumar Jain
Company Secretary

Enclosed : As Above

ReNew Power plans to take part in solar PLI scheme

SHREYA JAI
New Delhi, 8 July

Goldman Sachs-backed ReNew Power is planning to participate in the production-linked incentive (PLI) scheme for solar manufacturing, thereby expanding its portfolio from generation and transmission to manufacturing as well.

Gurugram-based ReNew is one of the top five renewable energy firms in India with a solar and wind power portfolio of 9.8 Gw of commissioned and under-construction capacity.

Sumant Sinha, chairman and managing director of ReNew Power, said India's plan to encourage local manufacturing through imposition of import duties and schemes such as PLI was a good move. "We are interested because we believe it is important for us as a market leader to play a role in adhering to the government's plans and also providing ourselves with back-end supply and backward diversification. So, for that reason we are looking to set up manufacturing capacity and we would like to apply for the PLI," Sinha said.

ReNew has announced its entry into solar manufacturing, power transmission, and power distribution. It also participated in a tender for privatisation of power distribution in Dadar & Nager Haveli, Daman & Diu. The firm plans to expand in energy storage and hybrid power projects.

Sinha said the government's plan to reduce dependence on one country (China) with which it has geo-strategic issues was correct. "It would lead to some degree of disruption till the time adequate domestic capacity is built. But India is going to be a big enough market that we can afford to set up competing manufacturing destinations," he said.

Adfactors 131

অলিম্পিকের আগে জরুরি অবস্থা জারি

টোকিও, ৮ জুলাই ঃ গত বছর করোনা ভাইরাসের কারণে ইতিহাসে প্রথমবার স্থগিত হয়ে গিয়েছিল অলিম্পিক গেমস। এক বছর পিছিয়ে দেওয়া হয় গেমের সূচি। ২৩ জুলাই থেকে বহু প্রতীক্ষার পর শুরু হতে চলেছে টোকিও অলিম্পিকস। চলবে ৮ আগস্ট পর্যন্ত। মাঝে মনে করা হয়েছিল ফুল স্টেডিয়াম না হলেও, নিয়ম মেনে দর্শক উপভোগ করতে পারবে বিশ্বের সবথেকে বড় স্পোর্টিং ইভেন্ট। কিন্তু সেই আশা হয়তো এবার আর পূরণ হচ্ছে না। কারণ সেই বিশ্ব অতিমারী কোভিড ১৯। স্টেডিয়ামে বসে অলিম্পিক দেখার সব আশা কার্যত শেষ হয়ে গেল। বিশ্বজুড়ে করোনা গ্রাফ ফের উর্ধ্বমুখী। জাপানের অবস্থাও একই। এই পরিস্থিতিতে কোনও রকম ঝুঁকি নিতে রাজি নয় জাপান সরকার। সংক্রমণ বৃদ্ধি পেতেই টোকিওতে জরুরি অবস্থা জারি করেছে জাপান সরকার। এই পরিস্থিতির মধ্যে আগামী ২৩ জুলাই থেকে শুরু হতে চলেছে অলিম্পিক। এত দ্রুত অবস্থার কোনও উন্নতি সম্ভব নয়। ফলে দর্শক শূন্য স্টেডিয়ামেই টোকিও অলিম্পিক হতে চলেছে তা একপ্রকার নিশ্চিৎ। করোনার কারণে এমনতিই কঠোর সুরক্ষা বিধির মধ্যে আয়োজিত হতে চলেছে অলিম্পিক। জৈব সুরক্ষা বলয়ের মধ্যে থেকেই অংশ নিতে হবে অ্যাথলিটদের। বিদেশি দর্শকদের আসার উপরে অনেক আগেই নিষেধাজ্ঞা জারি করেছিল জাপান সরকার ও অলিম্পিক কর্তৃপক্ষ। তবে জাপানে ৫০ শতাংশ দর্শক প্রবেশের বাবনা ছিল। কিন্তু মারণ ভাইরাসের ফের বাড়বাড়ন্ত হওয়ায় সুরক্ষা নিয়ে কোনও রকম ঝুঁকি নিতে চাইছে না আয়োজক ও আইওসি। ফলে করোনার কাঁটার মধ্যেই হবে অলিম্পিক।

পিএসজিতে র‍্যামোস

প্যারিস, ৮ জুলাই ঃ স্পেন ছেড়ে এবার ফ্রান্সে সার্জিও র‍্যামোস। দু'বছরের চুক্তিতে এই প্রজন্মের অন্যতম সেরা ডিফেন্ডার যোগ দিলেন ইউরোপের বিখ্যাত ক্লাব প্যারিস সাঁ জাঁতে। এমবাপে, নেইমারের মতো দুর্দান্ত ফুটবলারদের পাশে খেলবেন র‍্যামোস। রিয়াল মাদ্রিদের সঙ্গে দীর্ঘ ১৬ বছরের সম্পর্ক শেষ করে র‍্যামোস এলেন প্যারিসে। টুইটারে প্যারিস সাঁ জাঁর জার্সি হাতে নিয়ে ছবি টুইট করেন র‍্যামোস। তিনি বলেছেন, আমার জীবনের এটা বড় পরিবর্তন। একটা নতুন চ্যালেঞ্জ নিয়েছি। এই দিনটা কখনও ভুলব না। অসাধারণ কিছু প্লেয়ার আছে এই দলে। এই ক্লাবের উচ্চাকাঙ্খী প্রজেক্টের অঙ্গ হতে পারাটা আমার কাছে গর্বের। প্যারিস সাঁ জা-র সিইও নাসের আল খেলাইফি বলছেন, আমরা আজ এই প্রজন্মের অন্যতম সেরা প্লেয়ারকে স্বাগত জানাচ্ছি ক্লাবে। আমরা আনন্দিত যে র‍্যামোসে আমাদের ক্লাবে খেলবে। র‍্যামোসে একজন কমপ্লিট ফুটবলার। ফুটবল ইতিহাসের অন্যতম সেরা ডিফেন্ডার। একজন দুরন্ত প্রতিদ্বন্দ্বী ও প্রকৃত নেতা ও পেশাদার। ওর অভিজ্ঞতা আমাদের কাজে লাগবে। আমি ওকে প্যারিসের জার্সিতে দেখার জন্য মুখিয়ে আছি। আমি নিশ্চিত সমর্থকরা র‍্যামোসের জন্য দুর্দান্ত ভাবে ওকে স্বাগতম জানাবে। র‍্যামোস ২০১৫ থেকে ২০২১ পর্যন্ত রিয়ালের ক্যাপ্টেনসির গুরুদায়িত্ব সামলেছেন।

মেসিকে আটকানোর ছক কষছে ব্রাজিল



রিও ডি জেনিরো, ৮ জুলাই ঃ সময়ের সেরা তো বটেই, অনেকের মতে ফুটবল ইতিহাসেরই সেরা লিওনেল মেসি। তাকে আটকানো যেকোনো প্রতিপক্ষের জন্য সবচেয়ে কঠিন কাজ। একজনের পক্ষে তো নয়ই, আর্জেন্টাইন তারকাকে রুখতে লাগবে দলীয় প্রচেষ্টা, ভালোমতোই জানেন ও বোঝেন ব্রাজিলের ডিফেন্ডার মার্কিনিয়োস। তবে কোপা আমেরিকার খেতাবি লড়াইয়ে চিরপ্রতিদ্বন্দ্বীদের মুখোমুখি হওয়ার আগে দারুণ আত্মবিশ্বাসী তিনি। দৃঢ়কণ্ঠে বললেন, মেসিকে আটকানোর উপায় তাদের জানা। রিও ডি জেনিরোর মারাকানা স্টেডিয়ামে খেতাব নির্ধারণী ম্যাচে মুখোমুখি হবে দল দুটি। ভারতীয় সময় রবিবার ভোর ছ'টায় শুরু হবে দুই চিরপ্রতিদ্বন্দ্বীর লড়াই। আর্জেন্টিনার হয়ে একটি ট্রফি জেতার হাহাকার কেরিয়ার জুড়েই সঙ্গী মেসির। এখন পর্যন্ত তিনবার কোপা আমেরিকার ফাইনালে খেলেছেন মেসি। ২০০৭-এর ফাইনালে এই ব্রাজিলের বিপক্ষেই ৩-০ গোলে উড়ে গিয়েছিল আর্জেন্টিনা। আর ২০১৫ ও ২০১৬ আসরে চিলির বিপক্ষে টাইব্রেকারে জুটেছিল হারের তেতো স্বাদ। ২০১৪ বিশ্বকাপের ফাইনালে উঠেও জিততে পারেনি তারা। বছরের পর বছর ধরে জাদুকরী ফুটবলে ব্রাজিলেও অনেক ভক্ত পেয়েছেন মেসি। দেশটির প্রাক্তন-বর্তমান ফুটবলারদের অনেকেও চান, অন্তত একটি ট্রফি উঠুক তার হাতে। তবে সেটা অবশ্যই ব্রাজিলের বিপক্ষে নয়। মার্কিনিয়োসের কণ্ঠেও উচ্চারিত হলো তাই। সংবাদ সম্মেলনে বললেন, আর্জেন্টিনা অধিনায়ককে আরও একবার হতাশ করতে চান তারা। এটা স্বাভাবিক যে, মানুষ চায় মেসি ট্রফিটি জিতুক। তার ইতিহাস ও সে যা কিছু অর্জন করেছে এর পূর্ণতার জন্য। তবে আমরা তাকে তার লক্ষ্য অর্জনে বাধা দেওয়ার চেষ্টা করব। আর্জেন্টিনাকে হারাতে হলে অবশ্যই প্রথমে মেসিকে আটকানোর পরিকল্পনা আঁটতে হবে। তবে কেবল তাকে আটকালেই হবে না। দলটির আক্রমণভাগে সার্জিও আগুয়েরো, লাউতারো মার্তিনেসের মতো পরীক্ষিতরা আছেন। তবে প্রতিপক্ষ যত শক্তিশালীই হোক না কেন, তাদের রুখে দিতে দৃঢ় প্রতিজ্ঞ ব্রাজিল, বললেন মার্কিনিয়োস। একজন খেলোয়াড়ের পক্ষে মেসিকে থামানো কঠিন। আমাদের পুরো রক্ষণভাগ প্রয়োজন এবং আমাদের কোচ জানে কীভাবে তা করতে হবে। আমরা কেবল মেসির দিকেই মনোযোগ দিতে পারি না, কারণ তখন বাকিরা ব্যবধান গড়ে দিতে পারে। ফুটবল ইতিহাসের পুরনো দ্বৈরথগুলোর একটি ব্রাজিল-আর্জেন্টিনা ম্যাচ। এখন পর্যন্ত সব প্রতিযোগিতা মিলে দুই দল মুখোমুখি হয়েছে ১১১ বার। যেখানে ৪৬ ম্যাচ জিতে এগিয়ে ব্রাজিল। আর্জেন্টিনার জয় ৪০টি, বাকি ২৫ ম্যাচ হয়েছে ড্র। ফুটবল বিশ্বে ব্রাজিল-আর্জেন্টিনার দ্বৈরথ পরিচিত 'সুপার ক্লাসিকো' নামে। যে লড়াইয়ে অংশ নেওয়ার স্বপ্ন শৈশব থেকে দেখে আসছেন মার্কিনিয়োস। এবার তা সত্যি হতে চলেছে তার। এটা (ব্রাজিল-আর্জেন্টিনা লড়াই) সাধারণ একটি ফুটবল ম্যাচের চেয়ে বেশি। এই ম্যাচ খেলার স্বপ্ন সবাই দেখে। কারণ এর ইতিহাস ও বিশ্বের সেরা ফুটবলার এই ম্যাচ খেলেছে পেলে, জিকো, রোনাল্ডো, রোনাল্ডিনিহো। আরেক দলে মারাদোনা, মেসি ও দারুণ সব ফুটবলারদের জন্য। কেবল দক্ষিণ আমেরিকা নয়, তারা বিশ্ব ফুটবলের প্রতিনিধিত্ব করেন। আর্জেন্টিনা-ব্রাজিল ম্যাচের সঙ্গে পৃথিবীও থমকে যায়।

মাছে-ভাতে জন্মদিন সারলেন দাদা

কলকাতা, ৮ জুলাই ঃ ৪৯ তম জন্মদিনে সকাল থেকেই শুভেচ্ছার জোয়ারে ভাসছেন সৌরভ গঙ্গোপাধ্যায়। করোনা আবহে গতবারের মতই এবারও কোনও সাড়ম্বর নেই। তারওপর চলতি বছরের শুরুতেই হৃদরোগে আক্রান্ত হয়েছিলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। তেল-ঝাল, মাংস খাওয়া একেবারেই বারণ। ফলে বাড়িতে কেকে কাটার পাশাপাশি মাছের ঝোল ভাতেই সারলেন জন্মদিন। বাড়ির বাইরে সকাল থেকেই অপেক্ষা করছিলেন 'দাদা' ভক্তরা। সৌরভের এক ঝলক দেখা পেতেই সমর্থকদের চিৎকার বুঝিয়ে দিল তার জনপ্রিয়তায় এতটুকু ভাটা পড়েনি। এদিনও অফিসেও যান সৌরভ গঙ্গোপাধ্যায়। সেখানেই সহকর্মীদের আনা কেকও কাটেন সৌরভ গঙ্গোপাধ্যায়। সাড়ম্বর না থাকলেও বেশ খোশ মেজাজে পাওয়া গেল মহারাজ'কে। শারীরিক অবস্থা নিয়ে সাংবাদিক প্রশ্নের উত্তরে বলেন, আমি একদম ফিট। টি২০ বিশ্বকাপ ভারতে না করতে পারার আক্ষেপ থাকলেও, অতিমারী পরিস্থিতিতে প্রতিযোগিতা শেষপর্যন্ত আয়োজন করতে পারায় খুশি সৌরভ। বলেন, অতিমারির জন্য বিশ্বকাপ ক্রিকেট না হলে তা ক্রীড়াঙ্গনের ক্ষেত্রে খারাপ হত, তাই জায়গা পরিবর্তন করা হল। ক্রিকেট কোনও অবস্থাতেই থামবে না, ঠিক ম্যানেজ করে নেব। মরশুমে পরপর আইপিএল ও বিশ্বকাপ সাফল্যের সঙ্গে করার বিষয়ে আত্মবিশ্বাসী সৌরভ। ক্রিকেটের পাশাপাশি সৌরভের ফুটবলের প্রতি ভালোবাসার কথা আমাদের সকলের জানা। ফলে একসঙ্গে যখ ইউরো ও কোপা চলছে, আর বাকি রয়েছে শুধু ফাইনাল ম্যাচ, সেই প্রসঙ্গে দাদা আবার কোনও প্রতিক্রিয়া দেবেন না, তা আবার হয় নাকি! ইউরো ও কোপার মেগা ফাইনাল নিয়ে বিসিসিআই প্রেসিডেন্ট বলেন, ইংল্যান্ড ও ডেনমার্কের সেমি ফাইনাল দেখেছি। রাত ৩টে পর্যন্ত। নকআউট পর্ব থেকে ইংল্যান্ড দল পুরো বদলে গিয়েছে। ৫৫ বছর পর কোনও বড় প্রতিযোগিতার ফাইনালে উঠেছে ইংল্যান্ড। ইতালিও ভালো ফুটবল খেলছে। ফাইনালে ভালো খেলা হবে। অপরদিকে কোপা আমেরিকার ফাইনালে মুখোমুখি হচ্ছে চিরপ্রতিদ্বন্দ্বী দুই দেশ ব্রাজিল ও আর্জেন্টিনা। এই ম্যাচটার আবেগ যে আলাদা তা ভালোই জানেন সৌরভ। মেসি-নেইমারের ফাইনালের দ্বৈরথ নিয়ে সৌরভ বলেন, মেসি ভার্সেস নেইমার, জমবে ভাল। ব্রাজিল-আর্জেন্টিনার লড়াই মানেই একটা অন্য মাত্রা। যদিও আমি নিজে ব্রাজিল সাপোর্টার, মারাদোনার ফ্যান। মেসিরও। তবে এই ম্যাচে ফেভারিট বাছা কঠিন। ফুবটলের পাশাপাশি অলিম্পিকে অংশগ্রহণকারী ভারতীয় অ্যাথলিটদেরও শুভেচ্ছা জানান সৌরভ গঙ্গোপাধ্যায়।

স্টোকস অধিনায়ক হওয়ায় বিস্মিত স্ত্রী

লন্ডন, ৮ জুলাই ঃ শেষ মুহূর্তে পাকিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচের ওয়ান'ডে সিরিজে বেন স্টোকসকে ইংল্যান্ড দলের অধিনায়ক বাছা হয়েছে। টিম ম্যানেজমেন্টের এই সিদ্ধান্তে বিস্মিত ইংল্যান্ড তথা বিশ্বের অন্যতম সেরা অলরাউন্ডারের স্ত্রী। খোদ বেন নিজে এ কথা স্বীকার করেছেন। গতকাল তাঁর কাছে ইংল্যান্ডের অধিনায়কত্বের দায়িত্ব দিয়ে জাতীয় দলে ফেরার প্রস্তাব আসে। কিন্তু, তার আগে পর্যন্ত ইংল্যান্ড ক্রিকেট বোর্ডের সিদ্ধান্ত ছিল তাঁকে এখনই জাতীয় দলে ফেরানো হবে না। প্রসঙ্গত, ইংল্যান্ড দলের ৩ ক্রিকেটার এবং ৪ সাপোর্ট স্টাফ করোনায় আক্রান্ত হয়েছেন। এই পরিস্থিতিতে পাকিস্তানের বিরুদ্ধে ৩ ম্যাচের ওয়ান'ডে সিরিজের জন্য নির্বাচিত গোটা দলকে আইসোলেশনে পাঠানো হয়েছে। আর পাকিস্তানের বিরুদ্ধে সিরিজের জন্য নতুন একটি দল গঠন করা হয়েছে। যে দলের নেতৃত্ব দেবেন ইংল্যান্ডের বেন স্টোকস। কিন্তু, এবছর আইপিএলে খেলার সময় বাঁ হাতের আঙুলের হাড়ে চিড় ধরে বেনের। তখন থেকেই ক্রিকেট থেকে সম্পূর্ণভাবে দূরে ছিলেন তিনি। কিন্তু, সম্প্রতি ডারহ্যামের হয়ে টি-২০ ব্লাস্ট টুর্নামেন্টে মাঠে দারুণভাবে ফিরে এসেছেন তিনি। ক্রিকেটা মাঠে ফিরলেও এখনই বেন স্টোকসকে জাতীয় দলে ফেরানোর জন্য তাড়াহুড়ো করতে চাইছিল না ইংল্যান্ড ক্রিকেট বোর্ড। এমনকি এ নিয়ে ইংল্যান্ডের প্রায় সব খবরের কাগজে ছাপা হয়েছিল। তেমনি একটি খবরের স্ক্রিন শট বেন স্টোকসের স্ত্রী তাঁর ফোনে শেয়ার করে বলে জানান ব্রিটিশ অলরাউন্ডার। যে খবরের বলা হয়েছিল, ইংল্যান্ড বেন স্টোকসকে ফিরতে জোর করবে না। কিন্তু, কয়েক ঘণ্টার মধ্যে ইংল্যান্ড বোর্ডের মত বদলে অবাক হয়েছিলেন বেন স্টোকসের স্ত্রী। তবে, শুধু স্টোকসের স্ত্রী নন, স্টোকস নিজেও কিছুটা অবাক হয়েছেন। কিন্তু, তিনি জানিয়েছেন জাতীয় দলের দায়িত্ব পালনে তিনি সর্বদা প্রস্তুত। তিনি জানিয়েছেন, তাঁর কাছে হঠাৎ করেই ক্রিস সিলভারউডের ফোন আসে। তাঁদের মধ্যে খুবই সংক্ষেপে কথা হয়েছে। ক্রিস সিলভারউড তাঁর কাছে জানতে চেয়েছিলেন, তিনি ইংল্যান্ড দলকে নেতৃত্ব দিতে প্রস্তুত কি না ? জবাবে এক কথায় স্টোকস জানিয়েছিলেন, হ্যাঁ। হঠাৎ করে জাতীয় দলে ফেরার ডাক আসা প্রসঙ্গে বেন স্টোকস জানিয়েছেন, বিষয়টা এরকম যে, আমি এর আগে ডারহ্যামের হয়ে প্রত্যাবর্তন করেছিলাম। তখন আমার যা করণীয় ছিল, তা আমি করেছি। এখনও বিষয়টা ঠিক এক। অবশ্যই ফিটনেস এবং চিকিৎসাগত দিক থেকে এটা খুব তাড়াতাড়ি হয়ে গিয়েছে। কিন্তু, যখন কাজ করার সময় আসে, তখন আপনাকে সবসময় নিজেকে তৈরি রাখতে হবে।

সিরাজকে সুযোগ

লন্ডন, ৮ জুলাই ঃ ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে খেলার সম্ভাবনা বাড়ছে মহম্মদ সিরাজের। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে তাঁকে না খেলানোয় প্রশ্ন উঠেছিল। জানা গিয়েছে, ইংল্যান্ড সিরিজে সেই ভুল করতে চায় না বিরাট কোহলির ভারত। বিশ্ব টেস্ট ফাইনালে দুই স্পিনার খেলানোয় এমনিই ভারত ব্যাকফুটে ছিল। তার উপর সিরাজের জায়গায় অভিজ্ঞ পেসার ইশান্ত শর্মাকে খেলানোয় প্রশ্ন ওঠে। প্রথম ইনিংসে ইশান্ত তিন উইকেট নিয়েছিলেন। তবু বিশেষজ্ঞদের ধারণা ছিল, ওই পরিস্থিতিতে ইশান্তের থেকেও সিরাজ বেশি কার্যকরী হতেন। অস্ট্রেলিয়া গিয়ে ভাল খেলেছিলেন সিরাজ। দেশের মাটিতে ইংল্যান্ডের বিরুদ্ধেও ভাল বোলিং করেছেন। সব মিলিয়ে, ৫টি টেস্টে তাঁর ১৬টি উইকেট রয়েছে। দুর্দান্ত লাইন এবং লেংথে বল করার জন্য সিরাজের প্রশংসা করেছেন অনেকেই।

গার্সিয়ার জায়গায় সবুজ-মেরুনে বৌমৌস

কলকাতা, ৮ জুলাই ঃ আইএসএল চ্যাম্পিয়নদের ধাক্কা দিল এটিকে মোহনবাগান। গত মরশুমে মুম্বই সিটি এফসিকে খেতাব জেতাতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া হুগো বৌমৌসকে তুলে নিল সবুজ-মেরুন শিবির। ফিনল্যান্ড তারকা জনি কাউকোর পর বৌমৌসের অন্তর্ভুক্তি আগামী আইএসএলে এটিকে মোহনবাগানকে আরও বেশি পূর্ণতা দেবে বলে মনে করেন ফুটবল বিশেষজ্ঞরা। গত মরশুমের আইএসএল চ্যাম্পিয়ন মুম্বই সিটি এফসির থেকে তারকা মিডফিল্ডারকে সই করিয়ে চমক দিল এটিকে মোহনবাগান। বৃহস্পতিবার দলের তরফে একটি টুইট করা হয়। যেখানে দলে ফ্রান্সের মিডফিল্ডার হুগো বৌমৌসের অন্তর্ভুক্তির কথা জানিয়েছে মেরিনার্সরা। এই পদক্ষেপকে গুরুত্বপূর্ণ হিসেবেই দেখছে দেশের ফুটবল মহল। মুম্বই সিটি এফসিকে গত আইএসএলে চ্যাম্পিয়ন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া হুগো বৌমৌস লম্বা সময়ের জন্য কলকাতার ক্লাবের সঙ্গে চুক্তিবদ্ধ হলেন। ফ্রান্সের তারকার সঙ্গে এটিকে মোহনবাগানের পাঁচ বছরের চুক্তি হয়েছে। এর অর্থ আগামী পাঁচ মরশুম সবুজ-মেরুনের মাঝমাঠকে শাসন করতে চলেছেন বৌমৌস। যে ভূমিকা গত আইএসএলে তিনি মুম্বই সিটি এফসির হয়ে পালন করেছিলেন, এবার তাঁকে তা এটিকে মোহনবাগানের হয়ে করতে দেখা যাবে। গত আইএসএলে মুম্বই সিটি এফসির হয়ে ১৫টি ম্যাচ খেলেছিলেন হুগো বৌমৌস। তিনটি গোল এসেছিল তাঁর পা থেকে। মাঝমাঠ থেকে খেলা তৈরি করে সতীর্থদের গোল করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন ফ্রান্সের তারকা মিডফিল্ডার। ২০১৮-২০২০ মরশুমের আইএসএলে এফসি গোয়ার হয়ে ৪২টি ম্যাচ খেলে ১৬টি গোল করেছেন হুগো বৌমৌস। গত আইএসএলে এটিকে মোহনবাগানের জার্সিতে মাঝমাঠে দাপট দেখানো এডু গার্সিয়ার সঙ্গে সম্পর্ক ছিন্ন করেছে এটিকে মোহনবাগান। সবুজ-মেরুন শিবিরের তরফে বৃহস্পতিবার টুইট করে স্পেনের অ্যাটাকিং মিডফিল্ডারের সঙ্গে বিচ্ছেদের কথা জানানো হয়েছে। গত মরশুমে এটিকে মোহনবাগানের হয়ে ১১টি ম্যাচ খেলা গার্সিয়া ১টি গোল করেন। তার আগের আইএসএলে এটিকে'র হয়ে ২২টি ম্যাচ খেলে ৯টি গোল করেছিলেন স্প্যানিশ তারকা। গার্সিয়ার পরিবর্তেই যে হুগো বৌমৌসকে নেওয়া হয়েছে, তা স্পষ্ট।

১৭ জুলাই টোকিওতে ভারতীয় শুটাররা

নয়াদিল্লি, ৮ জুলাই ঃ সদ্য শেষ হওয়া আইএসএসএফ বিশ্বকাপে নেওয়া ভারতীয় শুটাররা এখন ক্রোয়েশিয়াতেই রয়েছেন। আগামী ১৬ জুলাই মনু ভাকর, সৌরভ চৌধুরীরা জাগরেব থেকে টোকিওর বিমান ধরবেন বলে জানানো হয়েছে। একদিন পর অর্থাৎ ১৭ জুলাই ভারতীয় শুটাররা জাপানের রাজধানী শহরে পৌঁছবেন বলে জানানো হয়েছে। ভারতীয় শুটাররা বর্তমানে যে দেশে রয়েছেন, সেখানে করোনা ভাইরাসের সংক্রমণ অনেকটাই নিয়ন্ত্রণে। ফলে ক্রোয়েশিয়া থেকে অলিম্পিক খেলতে যাওয়া ভারতীয় শুটারদের ক্ষেত্রে কোভিড বিধি কিছুটা শিথিল করার সিদ্ধান্ত নিয়েছে জাপান প্রশাসন। সৌরভ চৌধুরীদের টোকিও পৌঁছে কেবল তিন থেকে চার দিন কোয়ারেন্টিনে থাকলেই হবে বলে জানানো হয়েছে। তার আগে ভারতীয় শুটারদের করোনা ভাইরাসের নেগেটিভ টেস্ট রিপোর্ট দেখাতে হবে বলেও খবর। তবে সংক্রমণ বেশি থাকায় ভারত থেকে টোকিও পৌঁছনো অ্যাথলিটদের মানতে হবে কড়া বিধি। গত এক বছর হওয়া বিভিন্ন বিশ্ব টুর্নামেন্টে পদক জয়ের নিরিখে বাকি দেশগুলিকে টেক্কা দিয়েছেন ভারতীয় শুটাররা। ক্রোয়েশিয়ায় হওয়া আইএসএসএফ বিশ্বকাপ থেকেও সোনা জিতেছে ভারতীয় দল। তারই প্রেক্ষিতে আগামী অলিম্পিকে মনু ভাকর, সৌরভ চৌধুরী, রাহি শার্নাবতের কাছ থেকে অনেক বেশি পদক আশা করছে দেশ। উল্লেখ্য এবার ভারত থেকে ১৫ জন শুটার অলিম্পিকে অংশ নিতে চলেছে। যা এখনও পর্যন্ত সর্বাধিক। সোমবার ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের তরফে জানানো হয়েছে, টোকিও গেমসে অংশ নিতে চলেছেন দেশের ১২৬ জন অ্যাথলিট। তাঁদের সঙ্গে ৭৫ জন সাপোর্ট স্টাফও যাচ্ছেন বলে জানানো হয়েছে। সবমিলিয়ে ভারত থেকে মোট ২০১ জন টোকিওগামী বিমান ধরতে চলেছেন। আগামী অলিম্পিকে অংশ নিতে চলা ভারতীয় অ্যাথলিটদের মধ্যে ৫৬ শতাংশ পুরুষ ও ৪৪ শতাংশ মহিলা বলে ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের তরফে জানানো হয়েছে। টোকিওগামী অ্যাথলিটদের মধ্যে ৭৮ জন কোটার ভিত্তিতে যোগ্যতা অর্জন করেছেন। ২০২১ অলিম্পিকে ভারতীয়রা ৮৫টি পদক স্থানের জন্য লড়াই করবেন বলে ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের তরফে জানানো হয়েছে।

ডেনমার্ককে হারিয়ে ফাইনালে ইতালির সামনে ইংল্যান্ড



লন্ডন, ৮ জুলাই ঃ প্রতিপক্ষের আক্রমণে পিষ্ট ডেনমার্ক মাথা তুলতে পারল সামান্যই। অবশ্য তাতেই ঘাম ছুটে গেল ইংল্যান্ডের। প্রতিপক্ষের ভুলে সমতায় ফিরলেও কাসপের স্মাইকেলের দেওয়াল আর ভাঙতে পারছিল না তারা। অবশেষে অতিরিক্ত সময়ে গিয়ে মিলল জালের দেখা। প্রথমবারের মতো ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের ফাইনালে উঠল ইংল্যান্ড। লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়ামে বুধবার দ্বিতীয় সেমি ফাইনালে ২-১ গোলে জিতেছে গ্যারেথ সাউথগেটের দল। মিকেল ডামসগার্ডের দারুণ ফ্রি কিকে এগিয়ে যাওয়ার কিছুক্ষণ পর আত্মঘাতী গোল করে বসে ডেনমার্ক। অতিরিক্ত সময়ে গিয়ে ব্যবধান গড়ে দেন হ্যারি কেইন। দারুণ এই জয়ে আরেকটি অপেক্ষারও অবসান হলো ইংল্যান্ডের। ১৯৬৬ বিশ্বকাপ জয়ের ৫৫ বছর পর মেজর কোনো টুর্নামেন্টের ফাইনালে উঠল 'থ্রি লায়ন্স'। পুরো ম্যাচে বল দখলের পাশাপাশি আক্রমণে একচেটিয়া আধিপত্য করেছে ইংল্যান্ড। ১২০ মিনিটের লড়াইয়ে গোলের উদ্দেশ্যে ২০টি শট নেয় তারা, যার ১০টিই ছিল লক্ষ্যে। বিপরীতে ঘর সামলাতে ব্যস্ত ডেনিশরা নিতে পারে মোটে ৬ শট, যার চারটি ছিল লক্ষ্যে। প্রথম ১০ মিনিটের ইংলিশ আক্রমণের পর ধীরে ধীরে গুছিয়ে ওঠে ডেনমার্ক। উল্লেখযোগ্য সুযোগ অবশ্য কেউই পাচ্ছিল না। ম্যাচের ঘড়িতে ২৭ মিনিট হতেই দারুণ একটি রেকর্ড গড়ে ফেলেন ইংলিশ গোলরক্ষক জর্ডান পিকফোর্ড নিজেদের ইতিহাসে সবচেয়ে বেশি সময় জাল অক্ষত রাখার কীর্তি। ভাঙেন ১৯৬৬ সালের মে-জুলাইয়ে গর্ডন ব্যাঙ্কসের গড়া ৭২০ মিনিটের রেকর্ড। এর তিন মিনিট পরই আসরে প্রথম গোল হজম করে ইংল্যান্ড। মিকেল ডামসগার্ডের দুর্দান্ত ফ্রি কিকে বল রক্ষণ দেওয়ালের ওপর দিয়ে গিয়ে শেষ মুহূর্তে একটু নিচু হয়ে ক্রসবার ঘেঁষে জালে জড়ায়। পিকফোর্ড ঝাঁপিয়ে বলে আঙুল ছোঁয়ালেও রুখতে পারেননি। এবারের ইউরোয় সরাসরি ফ্রি কিকে এটাই প্রথম গোল। আট মিনিট পর সুবর্ণ সুযোগ নষ্ট করেন রাহিম স্টার্লিং। হ্যারি কেইনের পাস পেয়ে ছয় গজ বক্সের মুখ থেকে ম্যানচেস্টার সিটি মিডফিল্ডারের নেওয়া শট দারুণ নৈপুণ্যে রুখে দেন কাসপের স্মাইকেল। পরের মিনিটেই প্রতিপক্ষের ভুল আর কিছুটা ভাগ্যের জোরে সমতায় ফেরে ইংলিশরা। কেইনের আরেকটি দারুণ থ্রু বল ধরে বুকায়ো সাকা বাইলাইন থেকে গোলমুখে স্টার্লিংয়ের উদ্দেশে ক্রস বাড়ান। সেটাই রুখতে গিয়ে আত্মঘাতী গোল করে বসেন ডেনমার্ক অধিনায়ক সিমোন কেয়া। দ্বিতীয়ার্ধের ষষ্ঠ মিনিটে কাসপের ডলবার্ডের ডি-বক্সে বাইরে থেকে নেওয়া নিচু শট ঝাঁপিয়ে ফেরান পিকফোর্ড। চার মিনিট পর হ্যারি ম্যাগুইয়ারের হেড একইভাবে ঠেকিয়ে দলকে সমতায় রাখেন স্মাইকেল। ৭৩তম মিনিটে ম্যাসন মাউন্টের ক্রসও কর্নারের বিনিময়ে ফেরান তিনি। অতিরিক্ত সময়ের শুরুতে আবারও ইংল্যান্ডকে হতাশ করেন স্মাইকেল এবার কেইনের কোনাকুনি শট রুখে দেন তিনি। খানিক পর জ্যাক গ্রিলিশের শট পাঞ্চ করেন লেস্টার সিটির এই গোলকিপার। অবশেষে ১০৪তম মিনিটে কেইনের গোলে এগিয়ে যায় ইংল্যান্ড। তার স্পট কিকও ফিরিয়েছিলেন স্মাইকেল কিন্তু বল হাতে রাখতে পারেননি, আলগা বল ছুটে গিয়ে জালে পাঠান রাশিয়া বিশ্বকাপের গোল্ডেন বুট জয়ী। পেনাল্টির সিদ্ধান্ত নিয়ে অবশ্য প্রশ্ন ওঠার অবকাশ আছে যথেষ্ট। ডি-বক্সে স্টার্লিংকে বাধা দিতে জোয়াকিম পা বাড়িয়েছিলেন বটে, তবে একটু সহজেই যেন পড়ে যান ইংলিশ মিডফিল্ডার। রেফারি পেনাল্টির সিদ্ধান্ত ভিএআরের বজায় থাকে। গ্রুপ পর্বে গোলশূন্য থেকে খানিকটা সমালোচনার মুখে পড়েছিলেন কেইন। নকআউট পর্ব শুরু হতেই তার ভিন্ন রূপ তিন ম্যাচেই করলেন চার গোল। দীর্ঘ সময় খোলসবন্দী থাকা ডেনমার্ক পিছিয়ে পড়ার পর আক্রমণে মন দেয়। সময়ও ছিল অনেকটা কিন্তু তেমন কোনো সুযোগই তৈরি করতে পারেনি তারা। তবে প্রথম ম্যাচে মাঠে ক্রিশ্চিয়ান এরিকসেনের অসুস্থ হয়ে পড়া, সতীর্থকে হারিয়ে ভগ্নহৃদয়ে খানিক পরই মাঠে নামতে বাধ্য হওয়া, প্রথম দুই ম্যাচে হেরে গ্রুপ পর্ব থেকেই ছিটকে পড়ার দোরগোড়ারায় চলে যাওয়া দলটি যেভাবে ঘুরে দাঁড়িয়ে এ পর্যন্ত আসতে পেরেছে তাতে কাসপের হিউমান্দের দলকে নিয়ে গর্ব করতে পারে ডেনমার্কবাসী। অন্যদিকে, ১৯৬৮ সালে চার দলের আসরে সরাসরি হয়েছিল সেমি ফাইনাল, যেখানে তৃতীয় হয়েছিল ইংল্যান্ড। তাই সত্যিকারের সেমি ফাইনাল লড়াই হিসেবে নিলে এর আগে একবারই এই ধাপে উঠেছিল তারা ১৯৯৬ এর ওই আসরে জার্মানির কাছে হেরেছিল দলটি। এবার সেই জার্মানিকে হারিয়েই কোয়ার্টার ফাইনালে ওঠে ইংল্যান্ড। আর শেষ আটে উড়িয়ে দেয় ইউক্রেনকে। এবার মিলল ফাইনালের টিকিট, যেখানে তাদের অপেক্ষায় টানা ৩৩ ম্যাচ ধরে অপরাজিত ইতালি। আগামী রবিবার এই মাঠেই খেতাবী লড়াইয়ে নামবে দারুণ ছন্দে থাকা দল দুটি।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪ লেনিন সরনী, কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন, কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India Press 74, Lenin Sarani, Kolkata-700013,
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com whats App-9874301615